



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website : www.brdb.gov.bd

স্মারক নংঃ-৪৭.৬২.০০০০.২০৫.১১.০০৭.১৭.৫৯৫৪

তারিখঃ ২৩/০৯/২০১৭ খ্রিঃ

মৌখিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতায় সহকারী প্রোগ্রামার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এবং ডাটা এন্ট্রি অপারেটর পদের ২২/০৯/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষা এবং ২৩/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হয়েছেন। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের তালিকা বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.brdb.gov.bd) পাওয়া যাবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার কোন প্রবেশপত্র আলাদাভাবে প্রেরণ করা হবে না।

সহকারী প্রোগ্রামার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ও ডাটা এন্ট্রি অপারেটর পদের মৌখিক পরীক্ষা আগামী ২৫/০৯/২০১৭ তারিখ বিকাল ৩.০০ঘটিকা পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকায় অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে লিখিত পরীক্ষার প্রবেশপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব সনদের মূলকপিসহ ও অন্যান্য সনদের মূলকপি অবশ্যই সংগে আনতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং পুত্র কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত সনদের মূলকপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।

ক) সহকারী প্রোগ্রামার পদের রোল নম্বর : ১০০২, ১০২২, ১০২৩, ১০৪০, ১০৫২, ১০৯৬

খ) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদের রোল নম্বর : ২০৩১, ২০৬৯

গ) ডাটা এন্ট্রি অপারেটর পদের রোল নম্বর : ৩০২১


মোঃ আব্দুল হাকিম
যুগ্মপরিচালক (প্রশাসন)